গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
পার্বতীপুর, দিনাজপুর।

# সিটিজেন চার্টার

১। বৈধ উপায়ে নিজেদের আত্ন-সামাজিক অবস্থার উন্নয়নের জন্য নূন্যতম ২০ (বিশ) জন একক ব্যক্তি সমন্বয়ে গঠিত সমবায় সমিতি নিবন্ধনের জন্য দাখিলকৃত সাংগঠনিক কাগজ পত্র যাচাই বাছাই শেষে নিবন্ধন এবং ক্ষেত্র ভেদে নিবন্ধনের জন্য জেলা সমবায় কার্যালয়ে প্রেরণ।

২। সমবায় সমিতি পরিচালনায় সুনিদির্ষ্ট বিধানাবলী সম্বলীত উপ-আইন যাচাই এবং উপ-আইন সংশোধনী যাচাই বাছাই করে নিবন্ধনের জন্য জেলা সমবায় কার্যালয়ে প্রেরণ।

৩। সরকারী কর্মসূচীর আওতায় বিত্তহীন, ভূমিহীন এবং আশ্রয়হীনদের দারিদ্র বিমোচনের লক্ষে গঠিত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা এবং অন্যান্য প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য ৩০০/- (তিনশত) টাকা নিবন্ধন ফি কোর্ড নং- ১-৩৮৩১-০০০০-১৮৩৬ হিসাবে ট্রেজারী চালন মূলে জমা দিতে হবে।

৪। দারিদ্র বিমোচনের জন্য সংগঠিত সমবায় সমিতি জন্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা এবং কর্মসূচীর আওতায় গঠিত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য কমপক্ষে ৩,০০০/- (তিন হাজার) টাকা, ক্রেডিট কো-অপারেটিভ সোসাইট নিবন্ধনের জন্য কমপক্ষে ০১ (এক কোটি) টাকা এবং অন্যান্য প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা পরিশোধিত শেয়ার মূলধন থাকতে হবে।

৫। সমিতি ব্যবস্থাপনা গণতান্ত্রিকভাবে নির্বচিত কমিটি কর্তৃক পরিচালিত হয়। কোন সমবায় সমিতি নির্বাচন করতে ব্যর্থ হলে উপজেলা/জেলা সমবায় অফিসার, আইনের আওতায় অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করবেন।

৬। উপজেলা/জেলা সমবায় অফিসার কর্তৃক ক্ষমতা প্রাপ্ত কোন কর্মচারী বা ব্যক্তিদ্বারা প্রাথমিক সমবায় সমিতির ব্যবস্থাপনা, আর্থিক কার্যক্রমের উপর বার্ষিক নিরীক্ষা সম্পাদন করা হয়।

৭। সমিতিতে সংঘঠিত যে কোন অনিয়ম উপজেলা/জেলা সমবায় অফিসার নিজে অথবা দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা দ্বার পরিদর্শন কিংবা তদন্তের মাধ্যমে নিস্পত্তি করেন।

৮। প্রাথমিক সমবায় সমিতির নির্বাচনে যে কোন সৃষ্ট বিরোধ উপজেলা/জেলা সমবায় অফিসারের নিকট দায়ের করা হলে, তিনি বা নিযুক্ত শালিসকারী ন্যয় বিচার সত্যতা ও সুবিবেচনা প্রসুতভাবে নির্ধারিত সময়ের মধ্যে রায় প্রদান করেন, রায়ে কেউ সংক্ষুদ্ধ হলে বিভাগীয় সমবায় কার্যালয়ে উপ-নিবন্ধক (বিচার) এর নিকট আপীল করতে পারে। বিরোধ ও আপীল আবেনের সাথে ১০০/- (একশত) টাকা কোর্ট ফি দাখিল করতে হয়।

৯। প্রাথমিক সমবায় সমিতি অকার্যকর হলে কিংবা সমিতির সদস্যগণ সমিতি পরিচালনায় অনাগ্রহী হলে উপজেলা সমবায় অফিসার উক্ত সমবায় সমিতিকে অবসায়নের জন্য জেলা সমবায় অফিসারের নিকট সুপারিশ পেশ করতে পারবেন এবং সদস্যদের আগ্রহের কারনে অবসায়ন আদেশ প্রত্যাহারে সুপারিশ করতে পারবেন।

১০। সমবায় সমিতির অডিট বর্ষে নিরীক্ষীত উদ্বৃত্ত পত্রে প্রদর্শীত নীট লাভের ১০% যা, প্রাথমিক সমবায় সমিতির জন্য সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা অডিট ফি, সোনালী ব্যাংক এর মাধ্যমে ট্রেজারী চালানের মূলে জমা প্রদান করতে হয়।

১১। সমবায় সমিতি অডিট বর্ষের নীট লাভের ৩% সমবায় উন্নয়ন তহবিল হিসাবে, সমবায় উন্নয়ন তহবিল, রংপুর বিভাগ, সঞ্চয়ী হিসাব নং-০১০০০১৭৭৯৪৯০১, জনতা ব্যাংক, শ্যামলী শাখা, ঢাকা, এর অনুকুলে জনতা ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে জমা করতে হবে।

১২। প্রশিক্ষনঃ

কুমিল্লা শহরের উপকন্ঠে কোটবাড়ীতে অবস্থিত সৃষ্ট সমবায় প্রশিক্ষণ প্রতিষ্ঠান বাংলাদেশ সমবায় একাডেমী এবং রংপুর আঞ্চলিক সমবায় শিক্ষায়তন-এ সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষন সেবা প্রদান করা হয়। উক্ত প্রতিষ্ঠান সমূহের সদস্যদেরকে সমবায় ব্যবস্থাপনা, আইন, বিধি ও বিভিন্ন বৃত্তিমূলক প্রশিক্ষনের ব্যবস্থা করা হয়।

১৩। জেলা সমবায় কার্যালয়ের ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিটের মাধ্যমে সমবায় সমিতিতে গিয়ে সদস্যদের সমিতির ব্যবস্থাপনা, সমবায় আইন, বিধি, উপ-আইন ও প্রকল্প বাস্তবায়ন সম্পর্কে প্রশিক্ষন প্রদান করা হয়।

১৪। সমবায় অধিদপ্তরে ঢাকাস্থ সদর কার্যালয় ও বাংলাদেশ সমবায় একাডেমীতে অবস্থিত আধুনিক কম্পিউটার ল্যাব এর মাধ্যমে অত্র কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারী ও সমিতির সদস্যদেরকে আধুনিক তথ্য প্রযুক্তিগত প্রশিক্ষণ দেওয়া হয়ে থাকে।

১৫। অভিযোগ নিস্পত্তিঃ

কোন অভিযোগ থাকলে উপজেলা/জেলা সমবায় অফিসারের নিকট দাখিল করলে তা নিস্পত্তি করা হয়ে থাকে।

উপজেলা সমাবায় অফিসার
পার্বতীপুর, দিনাজপুর।
Email: uco.parbatipur.dinajpur@gmail.com
টেলিফোন নং-০২৫৮৯৯২৬৬০৪৭